

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মির্জাগঞ্জ, পটুয়াখালী
www.mirzaganj.patuakhali.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.৭৮৭৬.০০০.০৪.০০২.২২- ৭০২

তারিখ: ২৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য মনোনয়ন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ এর ১১.৩.১ অনুচ্ছেদ অনুযায়ী “উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি” গঠনের লক্ষ্যে মহোদয় কর্তৃক উপজেলা পর্যায়ের একজন কর্মকর্তাকে সদস্য হিসেবে মনোনয়ন দেওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী এ উপজেলার একজন কর্মকর্তাকে উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ পাতা।

জেলা প্রশাসক
পটুয়াখালী।



সাইয়েমা হাসান
উপজেলা নির্বাহী অফিসার
মির্জাগঞ্জ, পটুয়াখালী
ফোন: +৮৮০২৪৭৮৮৮২২৬৯
e-mail: unomirzagonj@gmail.com



সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয়
বন্টন সম্পর্কিত

নীতিমালা

স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

তারিখঃ ১ মার্চ ২০১১ খ্রিস্টাব্দ
১৭ মাঘ ১৪১৭ বঙ্গাব্দ

১১.২.৫ অনুমোদিত হারে টোল আদায় ব্যতীত অন্য কোন প্রকার বে- আইনীভাবে আদায় বা জোরপূর্বক কোনরূপ আদায় এবং ক্রেতা- বিক্রেতাদের হয়রানি রোধ করা;

১১.২.৬ হাট- বাজার পরিষ্কার- পরিচ্ছন্ন রাখা, পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা;

১১.২.৭ মহিলা ক্রেতা- বিক্রেতাদের ক্রয়- বিক্রয়ের সুবিধা প্রদান;

১১.২.৮ কমিটি ন্যূনপক্ষে মাসে একটি সভায় মিলিত হইবে। উক্ত সভায় হাট- বাজার পরিচালনা, টোল আদায়, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নসহ সকল বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা হইবে এবং উহা উপজেলা হাট- বাজার ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

১১.৩ উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি

১১.৩.১ ইউনিয়ন পর্যায়ে সকল হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সম্পাদিত কার্যাবলী তদারকি, নির্দেশ ও পরামর্শ দানের জন্য এবং প্রতিটি হাট-বাজারের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার জন্য উপজেলা পর্যায়ে “উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি” নামে নিম্নোক্ত ভাবে একটি কমিটি গঠন করিতে হইবেঃ

(ক)	উপজেলা নির্বাহী অফিসার	- সভাপতি
(খ)	উপজেলা পর্যায়ের একজন সরকারী কর্মকর্তা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	- সদস্য
(গ)	উপজেলা প্রকৌশলী	- সদস্য
(ঘ)	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	- সদস্য
(ঙ)	উপজেলা পর্যায়ের একজন গণ্যমান্য ব্যক্তি (চেয়ারম্যান, উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত)	- সদস্য
(চ)	উপজেলার সকল হাট- বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবদের থেকে ২ জন প্রতিনিধি (উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত)	- সদস্য
(ছ)	সহকারী কমিশনার (ভূমি)	- সদস্য-সচিব

সহকারী কমিশনার (ভূমি) এর পদটি শূন্য থাকিলে উপজেলা ভূমি অফিস কর্তৃক উপর্যুক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করা হইবে।

১১.৪ উপজেলা হাট- বাজার ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব নিম্নরূপ হইবেঃ

১১.৪.১ কমিটি প্রতি মাসে অন্ততঃ একবার বৈঠকে মিলিত হইবে;

১১.৪.২ উপজেলার সকল হাট- বাজারের সুষ্ঠু ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের প্রতি নজর রাখা;

১১.৪.৩ হাট- বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রণীত উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা/প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদন দেওয়া;

১১.৪.৪ উপজেলার অন্তর্গত হাট- বাজারসমূহের রক্ষণাবেক্ষণ/উন্নয়নের জন্য জমাকৃত ১০% অর্থ দ্বারা অনুন্নত হাট- বাজার সমূহের উন্নয়নকল্পে প্রণীত উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা ও প্রস্তাব উপজেলা পরিষদের অনুমোদনের জন্য প্রেরণ করা;

১১.৪.৫ হাট- বাজার ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব যথাযথ পালন হইতেছে কি না উহার প্রতি লক্ষ্য রাখা এবং সকল হাট- বাজার ব্যবস্থাপনা কমিটির নিয়মিত মিটিং নিশ্চিত করা;

১১.৪.৬ হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি ও উপজেলা হাট- বাজার ব্যবস্থাপনা কমিটির কার্যাবলী নিয়মিত জেলা প্রশাসককে অবহিত করা ও তাঁহার পরামর্শ মোতাবেক কাজ করা;

১১.৪.৭ অনুমোদিত হারে টোল আদায় নিশ্চিত করা;

১১.৪.৮ হাট- বাজারের শান্তি শৃংখলার প্রতি নজর রাখা;

১১.৪.৯ হাট- বাজারের অবৈধ দখল রোধ করা।

১১.৫ পৌরসভা হাট- বাজার ব্যবস্থাপনা কমিটি

১১.৫.১ পৌরসভার নিয়ন্ত্রণাধীন সকল হাট- বাজারের দৈনন্দিন পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নসহ সকল কার্যাবলী তদারকির জন্য প্রতিটি হাট- বাজার পর্যায়ে নিম্নোক্ত ভাবে একটি হাট- বাজার ব্যবস্থাপনা কমিটি গঠন করিতে হইবেঃ

(ক)	পৌরসভার মেয়র/প্রশাসক	- সভাপতি
(খ)	জেলা প্রশাসকের প্রতিনিধি (শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে)	- সদস্য
(গ)	উপজেলা প্রকৌশলী (উপজেলা পর্যায়ের পৌরসভার ক্ষেত্রে)	- সদস্য
(ঘ)	সংশ্লিষ্ট পৌরসভার সকল ওয়ার্ড কমিশনার	- সদস্য
(ঙ)	পৌরসভা এলাকাভূক্ত দু'জন গণ্যমান্য ব্যক্তি (১জন শিক্ষক) (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	- সদস্য